



# ব্র্যাক বিশ্ববিদ্যালয়কে সহযোগিতার ইচ্ছাপোষণ বান কি মুনের

প্রকাশ: ১৫ জুলাই ২০১৯

শিক্ষার্থীদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে ব্র্যাক ইউনিভার্সিটির সঙ্গে কাজ করতে চায় 'বান কি মুন সেন্টার ফর গ্লোবাল সিটিজেন'। সুখী ও সমৃদ্ধশালী আগামীর জন্য টেকসই উন্নয়ন ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি দরকার। সেজন্য শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে বিশ্ব নাগরিক হিসেবে। এই লক্ষ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সহযোগিতা বাড়ানোর ইচ্ছাপোষণ করেছেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন।

সম্প্রতি বাংলাদেশ সফরকালে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাংয়ের সঙ্গে আলাপচারিতায় এই অভিমত ব্যক্ত করেন জাতিসংঘের সাবেক এই মহাসচিব। 'গ্লোবাল কমিশন অন অ্যাডাপ্টেশন' (জিসিএ) শীর্ষক সম্মেলনে যোগ দিতে গত ০৯ জুলাই তিনদিনের সফরে বাংলাদেশে আসেন বান কি মুন। পরদিন, ১০ জুলাই সকালে ঢাকার একটি হোটেল ব্র্যাকের উপাচার্যকে আমন্ত্রণ জানান তিনি। সেখানেই বিশ্ববিদ্যালয়টির সঙ্গে সহযোগিতা বাড়ানোর প্রতিশ্রুতি দেন জাতিসংঘের সাবেক এই মহাসচিব।

ভবিষ্যতে ঢাকায় আসলে ব্র্যাক বিশ্ববিদ্যালয় পরিদর্শনের বিষয়েও আশ্বাস দিয়েছেন বান কি মুন। আলাপচারিতায় ১৯৭৩ সালে বাংলাদেশ সফরের স্মৃতিচারণ করেন তিনি। গত কয়েক দশকে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নেরও ভূয়সী প্রশংসা করেন জাতিসংঘের অষ্টম মহাসচিব।

ভবিষ্যত প্রজন্মের জন্য নিরাপদ ও টেকসই পৃথিবী গড়ার জন্য বান কি মুন ২০১৭ সালে অস্ট্রেলিয়ার সাবেক প্রেসিডেন্ট হেইঞ্জ ফিশারকে নিয়ে গড়ে তোলেন 'বান কি মুন সেন্টার ফর গ্লোবাল সিটিজেন'। অস্ট্রিয়া, কুয়েত ও আলেক্সান্ডার বাদিনি ফাউন্ডেশনের সহযোগিতায় গড়ে ওঠা অলাভজনক এই সংস্থাটি বিশ্ব নিরাপত্তা, নারী ও যুবাদের ক্ষমতায়ন ও মানবাধিকার রক্ষায় কাজ করে যাচ্ছে। (সংবাদ বিজ্ঞপ্তি)